



বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র

মুলাখোপ, দয়ালদাসী, পূর্ব মেদিনীপুর-৭২১৬৩২



নং: পি.এম.কে.ভি.কে/৩৫/১৮-১৯

তাং- ১৭.০৭.২০১৮

বিজ্ঞপ্তি

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের অধীনে আনুমানিক ৩০ বিঘা জলাজমিতে ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত চুক্তিভিত্তিতে মৎস চাষ করিবার জন্য আগ্রহী মৎস ব্যবসায়ী সংস্থা বা ব্যক্তির নিকট হইতে মুখ বন্ধ খামে দরপত্র আহান করা হইতেছে। দরপত্র এই বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র, মুলাখোপ, দয়ালদাসী, পূর্ব মেদিনীপুর-এ পৌঁছাইবার অন্তিম তারিখ ১লা অগাস্ট, ২০১৮ বেলা ২টা পর্যন্ত। ৩রা অগাস্ট বেলা ৩টার সময় ঐ দরপত্র উন্মুক্ত হইবে এবং সর্বাধিক দর প্রদানকারী সংস্থা বা ব্যক্তি এই চুক্তির জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে।

শর্তাবলী

- ১) চুক্তির বাহিরের কোনো জমিতে কোনরূপ মৎস চাষ বা অন্য কোনো চাষ করিবার এক্টিয়ার উক্ত সংস্থা বা ব্যক্তির থাকিবে না।
- ২) চুক্তির বাহিরের জমিতে কৃষি বিজ্ঞান কেন্দ্রের চাষ করা কোনো ফসলের কোনরূপ ক্ষতি হইলে উক্ত সংস্থা বা ব্যক্তি দায়ী থাকিবে।
- ৩) সর্বাধিক দর প্রদানকারী সংস্থা বা ব্যক্তিকে উক্ত বিবেচিত দর এককালীন ডিম্যান্ড ড্রাফট-এ "PURBA MEDINIPUR KRISHI VIGYAN KENDRA (REVOLVING FUND)" এই নামে প্রদান করিতে হবে। ডিম্যান্ড ড্রাফট নন্দকুমারসিংহ "কল্যাণপুর" (Kalyanpur) ভারতীয় স্টেট ব্যাঙ্কের (SBI) উপর প্রদেয় হইতে হইবে। অথবা অনলাইন পেমেন্টের মাধ্যমে ভারতীয় স্টেট ব্যাঙ্কের (SBI) "PURBA MEDINIPUR KRISHI VIGYAN KENDRA (REVOLVING FUND)" এই অ্যাকাউন্ট-এ (A/C No: 36770084307) (IFSC CODE: SBIN0008372)। অনলাইন পেমেন্টের প্রমাণপত্র দেখাইবার পর আদেশনামা প্রদান করা হইবে।
- ৪) দরপত্রের সহিত আধার কার্ড অথবা ভোটার কার্ডের প্রতিলিপি জমা করিতে হইবে।
- ৫) যেকোনো দরপত্র বা সব দরপত্রগুলির যে কোনো ক্ষেত্রে বা অবস্থায় কোনরূপ কারণ না দর্শিয়া গ্রহণ বা বাতিল করিবার এক্টিয়ার নিম্ন স্বাক্ষরকারীর থাকিবে।

স্বাক্ষর-

অচিন্ত্য বনিক

ডি.ডি.ও.

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র

নং: পি.এম.কে.ভি.কে/৩৫/১(২)/১৮-১৯

তাং- ১৭.০৭.২০১৮

যথাবিহিত অবগতি এবং অনুগ্রহপূর্বক নিজ নিজ ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শিত করিবার জন্য প্রতিলিপি প্রদান করা হল।

১. মাননীয় সভাপতি, জেলা পরিষদ, পূর্ব মেদিনীপুর, তমলুক, পূর্বমেদিনীপুর
২. সম্প্রসারণ শিক্ষা অধিকর্তা, বি.সি.কে.ভি, মোহনপুর, নদিয়া
৩. খামার অধিকর্তা, বি.সি.কে.ভি, মোহনপুর, নদিয়া
৪. বি.সি.কে.ভি, ওয়েবসাইট (www.bckv.edu.in)
৫. পঞ্চায়েত প্রধান, সেওড়াবেরিয়া (জালপাই-২) গ্রাম পঞ্চায়েত, পূর্ব মেদিনীপুর
- ৬-৮. আধিকারিক নদিয়া, হাওড়া ও হুগলি.কে.ভি.কে
৯. পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র নোটিশ বোর্ড

অচিন্ত্য বনিক

ডি.ডি.ও.

পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র